

ক্লাস ও পরীক্ষা শুরুর দাবিতে ইবির ইংরেজি বিভাগে তালা

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

নিয়মিত ক্লাস পরীক্ষা গ্রহণ ও নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষার ফলাফল প্রকাশের দাবিতে এবার আন্দোলন শুরু করেছে ইসলামী বিশ্ববিদ্যালয়ের তিনি প্রফেসর ইয়াজুজ মোহাম্মদ নিরাকুল হকের নিজস্ব বিভাগ ইংরেজি বিভাগের ছাত্রছাত্রীরা। শনিবার তারা নিজেদের দাবি আদায়ের দাবী বিভাগের অফিস ও ক্লাস রুমে তালা লাগিয়ে দেয়। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, ইংরেজি বিভাগের ২০০৫-০৬ সেশনের স্টার্টের ক্লাস নাড়ে তিন নাম আগে শেষ হলেও আজও পরীক্ষার তারিখ ঘোষণা না করার ওই সেশনের ছাত্রছাত্রীরা শনিবার সকাল ১০টায় বিভাগীয় সভাপতির অতিসহ সব ক্লাস রুমে তালা লাগিয়ে দেয়। এ সময় অন্যান্য বর্ষের শিক্ষার্থীরাও নিয়মিত পাঠদান, একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী পরীক্ষা গ্রহণ ও নির্ধারিত সময়ের মধ্যে ফলাফল প্রকাশের দাবিতে তাদের সঙ্গে একাঙ্কতা ঘোষণা করে। বেলা ১১টার দিকে বিভাগের ভারপ্রাপ্ত সভাপতি ড. মিজানুর রহমান আন্দোলনকারী ছাত্রছাত্রীদের নিয়ে প্রায় এক ঘণ্টা বৈঠক করেন। তিনি শিক্ষার্থীদের দাবি মেনে নেয়ার আশ্বাস দিলে প্রায় দু'ঘণ্টা পর দুপুর ১২টার দিকে তাদের অবরোধ তুলে নিয়ে বিভাগের সব রুম থেকে তালা কুলে নেয়। ছাত্রছাত্রীরা জানায়, বর্তমানে বিভাগটিতে প্রায় তিন বছরের সেশনজট রয়েছে এবং আটটি ব্যাক রয়েছে। তারা আরও জানায়, দীর্ঘদিন ধরে একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী বিভাগে নিয়মিত পরীক্ষা গ্রহণ ও সময়মতো ফলাফল প্রকাশ হচ্ছে না। ফলে তিসির নিজস্ব বিভাগ হওয়া সত্ত্বেও সেশনজট দিন দিন আগে বেড়ে চলেছে। শিক্ষার্থীরা আরও জানায়, সেশনজট

বিভাগের সভাপতির কাছে তাদের সমস্যার কথা জানালেও তিনি সমাধান না করায় তারা এ আন্দোলন শুরু করতে বাধ্য হচ্ছে। ছাত্রছাত্রীরা দ্রুত তাদের সেশনজট নিরপনের দাবি জানিয়েছে। এ ব্যাপারে ইংরেজি বিভাগের ভারপ্রাপ্ত সভাপতি ড. মিজানুর রহমান বলেন, 'আগামী ২৫ নভেম্বর স্টার্টের পরীক্ষা শুরু করা হবে। এছাড়া ছাত্রদের অন্যান্য দাবিগুলো বিভাগের একাডেমিক কমিটির বৈঠকে আপেক্ষিকতার মাধ্যমে সমাধান করা হবে। তিনি আরও বলেন, নিয়মিত ক্লাস পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশের ব্যাপারে সব শিক্ষকের আন্তরিক হওয়া উচিত।